

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ ও বন মন্ত্রণালয়  
বন শাখা-১

নং-পবম(বঃ শাঃ-১)৬০/২০০৮/৯৬১


১২ অগ্রহায়ণ, ১৪১৬  
তারিখ :-----  
২৬ নভেম্বর, ২০০৯

**বিজ্ঞপ্তি**

সরকার বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) আইন, ১৯৭৩ (Act No. XVII of 1973) এর ২৩(৩) ধারা মোতাবেক গেজেট বিজ্ঞপ্তি নং-II/ফর ৬৬/৮১/৩১৮ তারিখ ১১-৫-১৯৮২ইং মূলে ভাওয়াল জাতীয় উদ্যান ঘোষণা করে। গত ২২ নভেম্বর, ১৯৯৯ এ মন্ত্রণালয়ের পবম(শা-৩)/১৪/৯৪/৯৮৮নং স্মারক মূলে ভাওয়াল জাতীয় উদ্যানের পরিবেশ ও জীব-বৈচিত্র্য সংরক্ষণ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে উক্ত উদ্যানের চৌহদ্দির মধ্যে অবস্থিত আড়াইশ প্রসাদ, বনখরিয়া, বিশয়াকুড়িবাড়ী, বারইপাড়া, উত্তর সালনা, বাউপাড়া, বাহাদুরপুর ও মোহনা ভবানীপুর মৌজাস্থিত ব্যক্তিমালিকানাধীন অথবা সরকারী ভূমিতে কোনরূপ ঘর-বাড়ী, দালান-কোঠা, কলকারখানা, ক্ষুদ্র ও কুটির শিল্প, কৃষি, দুগ্ধ ও মৎস্য খামার ইত্যাদি স্থাপন নিষিদ্ধ করিয়া বিজ্ঞপ্তি জারী করা হয়।

গত ১৬/৯/২০০৯ইং তারিখে অনুষ্ঠিত জাতীয় পরিবেশ কমিটির তৃতীয় সভায় নিষিদ্ধ ঘোষিত উক্ত এলাকায় স্থাপিত শিল্প কারখানাসমূহ ব্যক্তিমালিকানাধীন জায়গায় স্থাপিত হইলে, পরিবেশ দূষণ না করিলে এবং পরিবেশ উন্নয়নমূলক কার্যক্রম গৃহীত হইলে প্রতিটি শিল্প কারখানা যাচাই-বাছাই করিয়া পরিবেশ ছাড়পত্র দেওয়া হইবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ করায় সেমতে Bangladesh Wildlife (Preservation) (Amendment) Act, 1974-এর ২৩(৩) ধারা অনুসারে উক্ত মৌজাসমূহে কোর এলাকা (ঢাকা-ময়মনসিংহ সড়কের পূর্ব পার্শ্বে মাষ্টার বাড়ী হইতে রাজেন্দ্রপুর এবং রাজেন্দ্রপুর-কাপাসিয়া সড়কের দক্ষিণ পার্শ্বস্থ ১৮নং আড়াইশ প্রসাদ মৌজা ও ৪ নং বারইপাড়া মৌজার জাতীয় উদ্যানের গেজেটভুক্ত বনভূমি ও সন্নিহিত এলাকা) ব্যতীত অবশিষ্ট ব্যক্তিমালিকানাধীন জমিতে স্থাপনা নির্মাণের ক্ষেত্রে এতদ্বারা নিষেধাজ্ঞা শিথিল করা হইল। তবে কোর এলাকাসহ উক্ত মৌজাসমূহের কোন এলাকায় বর্ণিত আইনের ২৩(৩) ধারা অনুসারে বন্যপ্রাণী ধরা বা বন্যপ্রাণীর কোন ক্ষতিকর কার্যক্রম গ্রহণ করা, কোন বৃক্ষের বা বনভূমির ক্ষতি, দূষণ বা ধ্বংস করা, পানি দূষণ করা, ইত্যাদি হইতে বিরত রাখার জন্য নিষেধাজ্ঞা যথারীতি বহাল থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(ড. মিহির কান্তি মজুমদার)  
সচিব।

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা


(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশসহ ৮০০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হইল)।

নং-পবম(বঃ শাঃ-১)৬০/২০০৮/৯৬১/১(৮০০)

১২ অগ্রহায়ণ, ১৪১৬  
তারিখ :-----  
২৬ নভেম্বর, ২০০৯

অনুলিপি :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সচিব, .....(সকল)।
০৪. প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৫. উপ-প্রধান বন সংরক্ষক, .....(সকল)।
০৬. জেলা প্রশাসক, .....(সকল)।
০৭. বন সংরক্ষক, .....(সকল)।
০৮. পুলিশ সুপার, .....(সকল)।
০৯. বিভাগীয় বন কর্মকর্তা, .....(সকল)।
১০. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .....(সকল)।
১১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. মন্ত্রণালয়ের কর্মকর্তা, .....(সকল)।
১৪. অফিস কপি/গার্ড ফাইল।

  
(জাহিদ হোসেন মুন্শী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৭১৬৪৫৩৯।